আই-টিন (ভেট) পোর-অন সলিউশন
I-Tin (Vet) Pour-on Solution
(আইভারমেকটিন বিপি)

কার্যকরী উপাদানঃ
প্রতি ১০০ মি.লি. এ রয়েছে-
আইভারমেকটিন বিপি ৫০০.০০ মি.গ্রা.

বিবরণঃ আই-টিন (ভেট) পোর-অন সলিউশন একটি বিস্তীর্ণ বর্ণালীর বহিঃপরজীবীনাশক।

ফার্মাকোলজি/কার্যপ্রণালীঃ আইভারমেকটিন পরজীবীর স্নায়ু কোষ ও মাংসপেশীর হাইপারপোলারাইজেশন ঘটায়, ফলে পরজীবী অবশ হয়ে মারা যায়।

নির্দেশনা/ব্যবহার ক্ষেত্রঃ আই-টিন (ভেট) পোর-অন সলিউশন গবাদি প্রাণি ও পোল্ট্রির বহিঃপরজীবী যেমন: আঁঠালী, মাইট, উঁকুন ও মাছির উপদ্রব থেকে রক্ষায় এবং নিয়ন্ত্রণে ব্যবহৃত হয়।

মাত্রা ও প্রয়োগবিধিঃ
শুধুমাত্র বাহ্যিক ব্যবহারের জন্য।
গবাদি প্রাণি: ১ মি.লি. (১ মি.লি. = ৫০ ফোঁটা)/ ১০ কেজি দৈহিক ওজনের জন্য গবাদি পশুর ঘাড় থেকে লেজ পর্যন্ত ধীরে ধীরে ঢেলে দিতে হবে।
পোল্ট্রি: ৫ ফোঁটা/কেজি দৈহিক ওজনের জন্য এবং ১৪ দিন পর পুনরায় একবার একই মাত্রায় প্রয়োগ করতে হবে।
ব্যবহারের পূর্বে বোতল ভালোভাবে ঝাঁকিয়ে নিন।
অথবা রেজিস্টার্ড ভেটেরিনারি চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবহার্য।

প্রতিনির্দেশনাঃ আইভারমেকটিন এর প্রতি অতিসংবেদনশীল প্রাণি ও পাখিতে প্রতিনির্দেশিত।

গর্ভবতী ও দুগ্ধবতী প্রাণিতে ব্যবহারঃ গর্ভবতী ও দুগ্ধবতী গবাদি প্রাণিতে ব্যবহার করা যেতে পারে।

সতর্কতাঃ আই-টিন (ভেট) পোর-অন সলিউশন ব্যবহারের পরে দুই হাত সাবধানে ধুয়ে নেওয়া উচিত। ঔষধ প্রয়োগের ২ ঘন্টার মধ্যে প্রাণি বৃষ্টিতে ভিজলে বা গোসল করালে ঔষধের কার্যকারিতা কমে যেতে পারে।

পার্শ্বপ্রতিক্রিয়াঃ আইভারমেকটিন এর উচ্চ নিরাপত্তা মাত্রা রয়েছে।
সাধারণ পার্শ্বপ্রতিক্রিয়া: নির্ধারিত মাত্রায় আইভারমেকটিন অত্যন্ত সহনীয়।
বিরল পার্শ্বপ্রতিক্রিয়া: কিছু কিছু ক্ষেত্রে চোখ জ্বালাপোড়া, ত্বকে জ্বলন অনুভূতি দেখা দিতে পারে।

ঔষধের মিথস্ক্রিয়াঃ ঔষধের মিথস্ক্রিয়া সম্পর্কিত পর্যাপ্ত তথ্য পাওয়া যায় নি।

প্রত্যাহার কালঃ
গবাদি প্রাণি: মাংস- ১৫ দিন, দুধ- শূন্য (০) দিন।
পোল্ট্রি: অজানা।

সংরক্ষণঃ সকল ঔষধ শিশুদের নাগালের বাইরে রাখুন। আলো থেকে দূরে, ঠান্ডা (৩০° সেঃ তাপমাত্রার নিচে) ও শুষ্ক স্থানে রাখুন।

সরবরাহঃ ১৫মি.লি., ৩০মি.লি., ও ৬০মি.লি. প্লাস্টিক ড্রপার বোতল/প্লাস্টিক বোতল।



প্রস্তুতকারক ঃ
সুপার পাওয়ার ফার্মাসিউটিক্যালস্ লিঃ
বেলাব, নরসিংদী, বাংলাদেশ।
Super Power Web: www.superpowerpharma.com